দৈনিক বাংলা

তারিখ 31 DEC 1986

পৃষ্ঠা ... ১ কলাম ... ১ ...

083

*এইচএসসি পরীক্ষা*

# আট হাজার ছাত্রের স্থগিত ফল প্রকাশ

॥ নিজস্ব সংবাদদাতা ॥

মানিকগঞ্জ, ২রা ডিসেম্বর।—বিগত এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডের যে ১০ হাজার পরীক্ষার্থীর ফল স্থগিত রাখা হয়েছিল গতকাল তাদের মধ্যে প্রায় ৮ হাজার পরীক্ষার্থীর ফল ঘোষণা করা হয়েছে। এই বোর্ডের ৪৩টি কলেজের ১০ হাজার পরীক্ষার্থীর মধ্যে ৩১টি কলেজের স্থগিত পরীক্ষার্থীদের ফল প্রকাশ করা হয়।

এসব ছাত্রছাত্রী পরীক্ষা দেয়ার

(শেষ পৃঃ [illegible] কঃ দ্রঃ)

## ফল প্রকাশ

(প্রথম পৃঃ পর)

জন্য বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির আশ্রয় নিয়েছিল বলে বোর্ড কর্তৃপক্ষ অভিযোগ পেয়ে তাদের ফল ঘোষণা স্থগিত রেখেছিল।

জানা গেছে উক্ত অভিযোগের ভিত্তিতে বোর্ড ৪৩টি কলেজের এসব ছাত্রছাত্রীর বিরুদ্ধে ব্যাপক তদন্ত চালায়। তদন্তে অধিকাংশ ক্ষেত্রে দেখা গেছে পরীক্ষা দেয়ার জন্য ছাত্রছাত্রীরা ভুয়া এসএসসি সার্টিফিকেট, ভুয়া রেজিস্ট্রেশনে ভর্তি ও নিয়মমাফিক কাগজপত্র ছাড়াই ভর্তি হয়েছে। এছাড়া প্রায় প্রতিটি কলেজে ভর্তির ব্যাপারে প্রচুর অনিয়ম রয়েছে। অনেকগুলো কলেজে দ্বাদশ শ্রেণীতে ভর্তির শেষ দিনে বহিরাগত ছাত্র ছাত্রীকে ভর্তি করা হয়েছে। এছাড়া বেশ কিছু সংখ্যক কলেজে ১৯৮১-৮২, ৮২-৮৩ সেসনে রেজিস্ট্রীকৃত ছাত্রছাত্রীদেরও এনওসি বা ছাড়পত্র ছাড়া কলেজে ভর্তি করে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া হয়েছে। এভাবে ঢাকা বোর্ডকে বিরাট অংকের টাকা (অনিয়মিত ফি) থেকে বঞ্চিত করা হয়েছে।